শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফারুক ইমরুল কায়েস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ ঃ ৩০/০৪/২০২৩ খ্রিঃ

সভার সময় ঃ বেলা- ২.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী-কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী সভায় উপস্থিত সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান ও গত মাসের সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, চলতি বোরো মৌসুমে ১০৯৮০ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ১১০১৫হেক্টর জমিতে বোরো রোপন কাজ সম্পন্ন হয়েছে। রবি মৌসুমে শাকসবজির মধ্যে আলু- ৭৪৫ হেক্টর, ভুট্টা- ৭২০ হেক্টর, সরিষা- ৫৩৫ হেক্টর, চিনাবাদাম- ৯০ হেক্টর, অন্যান্য শাকসবজি- ১২০০ হেক্টর জমিতে আবাদ হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রনোদনার আওতায় পাট ৬০০ জন, আউশ (উফশী) ১৮০০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ চলমান রয়েছে। বর্তমানে ইউরিয়া সার ৩১১.০০ মেঃটন, টিএসপি ১৬৩.৯০ মেঃটন, এমওপি ৮৬.৫৫ মেঃটন এবং ডিএপি ১৮০.৮০ মেঃটন রাসায়নিক সার মজুদ আছে। মাঠে পোকা-মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট- সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী, লালমনিরহাট- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (যার জনবল ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালের)। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী ও অন্তঃ বিভাগ সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের বহিঃবিভাগ প্রত্যেক শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হইতে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে এবং কমিউনিটি ক্লিনিক, টিকাদান কর্মসূচি সহ অন্যান্য মাঠকার্য সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকে। তিনি আরও জানান যে, ফেব্রুয়ারি/২০২৩ ইং মাসে অত্র উপজেলায় মোট ১৭ জন চিকিৎসকের মধ্যে ১২ জন চিকিৎসক কর্মরত আছেন। বর্তমানে ১২ জন চিকিৎসক দিয়ে উপজেলার সকল চিকিৎসা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২৬ জন সিনিয়র স্টাফ নার্স, ০৫ জন মিডওয়াইফ ও সহঃ নার্স ০১ জন এবং ১০ জন সাব-এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারের মধ্যে ০৪ জন বর্তমানে কর্মরত আছেন। বহিঃবিভাগে রোগীর সংখ্যা মোটঃ ৬০৩০ জন। জরুরী বিভাগে মোট সেবাঃ ৭৮৬ জন। তন্মধ্যে আন্তঃবিভাগে ভর্তি রোগীর সংখ্যা মোট- ৩৭৬ জন। মাঠ পর্যায়ে সিএসবিএ কর্তৃক মোট প্রসব পূর্ববর্তী সেবা- ৩৯৯ জন এবং মোট প্রসব- ২৯ টি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী-তে | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মোট প্রসব পূর্ববর্তী সেবা- ১৭০ জন, মোট প্রসব- ৪৫ টি। সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং কার্যক্রমে ৩০ টি পরীক্ষা করা হয়েছে। প্রতিদিন সকাল- ৮.০০ ঘটিকা হতে বেলা ২.৩০ মিনিট পর্যন্ত সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা করা হয়। কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা- ২১২৩৪ জন। ইপিআই পরীক্ষার কার্যক্রম চলমান। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে আইএমসিআই ও পুষ্টি কার্যক্রম চলমান। কমিউনিটি ভিশন সেন্টারে সপ্তাহে ০৬ দিন চোখ পরীক্ষা এবং চশমা বিনামূল্যে বিতরণ করা হয়। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের ৩টি কমপ্লেক্স অপারেশন করার জন্য প্রস্তুত করা হলেও বিশেষজ্ঞ চিকিৎসক না থাকায় মেজর সার্জারি করা সম্ভব হচ্ছে না। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী সভায় মার্চ/২০২৩ খ্রিঃ মাসের দাপ্তরিক কার্যক্রম নিম্নরুপভাবে উপস্থাপন করেন। কৃত্রিম প্রজনন সম্প্রসারণ- ৪৫০ টি, প্রাকৃতিক ছাগী প্রজনন (সংখ্যা)- শংকর জাতের বাছুর উৎপাদন- ১১৭, টিকা প্রদান সম্প্রসারণ ঃ গবাদি পশুর- ৫২০০ টি, হাঁস-মুরগীর- ৫৪৫০০ টি, চিকিৎসা প্রদান- গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২১৬৬ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১২৬১২টি, রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)- ১০, ডিজিজ সার্ভিল্যান্স (সংখ্যা)- ০২, প্রশিক্ষণের মাধ্যমে খামারীদের দক্ষতা বৃদ্ধিকরণ (সংখ্যা)- ৩২ জন, উঠান বৈঠকের আয়োজনের সংখ্যা- ০৫টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা- ৬০ জন, ঘাষ চাষ সম্প্রসারণ (একর)- ১ একর, খামার/ফিড মিল/হ্যাচারী পরিদর্শন (সংখ্যা)- ১০, ডিম উৎপাদন- ৩০ লক্ষ, দুধ উৎপাদন- ১১৫৬মেঃ টন, মাংস উৎপাদন- ১১০৫ মেঃটন, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম- ০১। তিনি আরও জানান যে, চর প্রকল্পের আওতায় ৩২ জন সুফল ভোগীকে মোট ৩২টি সেড এবং ৭০টি ছাগল ও ভেড়া প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২-২৫৩, তারিখঃ ২৫ এপ্রিল ২০২৩ খ্রিঃ মোতাবেক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে আদিতমারী উপজেলা পরিষদের অনুকূলে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। সেপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী সমাজ কল্যাণ মন্ত্রণালয় মহোদয় কর্তৃক নিম্নরুপ প্রকল্প পাওয়া গিয়াছে যা সভায় অনুমোদন করা প্রয়োজন।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে আরএফকিউ পদ্ধতিতে জরুরী ভাবে প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প নিম্নরুপঃ (ক) আদিতমারী উপজেলা পরিষদের জন্য ল্যাপটপ ক্রয়, (খ) উপজেলা পরিষদের ক্যাম্পাসে সিসি ক্যামেরা সরবরাহ করণ, (গ) উপজেলা পরিষদের অফিসের জন্য ভিজিটর চেয়ার ক্রয় মোট বরাদ্দ- ৭,৮১,২২১/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে মাননীয় মন্ত্রী সমাজকল্যাণ মন্ত্রণালয় মহোদয় কর্তৃক প্রাপ্ত ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলা পরিষদের জন্য প্রাপ্ত ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকার প্রকল্প তালিকা সভায় অনুমোদন করা হয় এবং রাজস্ব তহবিল হতে গৃহিত ৭,৮১,২২১/- টাকার প্রকল্প সভায় অনুমোদন করা হয়। এবং কাজটি নীতিমালা মোতাবেক পিপিআর- ২০০৮ (সংশোধিত) এবং আর্থিক বিধিবিধান অনুসরণ করে RFQ এবং PIC মাধ্যম জরুরী ভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী এবং উপজেলা প্রকৌশলী আদিতমারী, লালমনিরহাট। |

## ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি (বিশেষ) প্রকল্পের তালিকা নিম্নরুপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | আদিতমারী উপজেলা হিন্দু কল্যাণ সমিতি কেন্দ্রীয় মন্দির সংস্কার | ১০০০০০ | |
| ২ | শ্রী শ্রী সদগুরু সেবাশ্রম সংস্কার | ৫০০০০ | |
| ৩ | শ্রী শ্রী সার্বজনীন স্বর্ণামতি সেবাশ্রম সংস্কার | ৫০০০০ | |
| ৪ | ভাদাই কাশিরকুড়া কেন্দ্রীয় মহাশ্মশান ঘাট ও কালী মন্দির সংস্কার | ৫০০০০ | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | কুমড়িরহাট সার্বজনীন দুর্গা মন্দির (নদীর ওপার) সংস্কার | ৫০০০০ | |
| ৬ | শ্রী শ্রী লক্ষী নারায়ন সারস্বত সেবাশ্রম সংস্কার | ৫০০০০ | |
| ৭ | মদনপুর কাছারি সার্বজনীন দেবালয় ও বাসন্তী দুর্গা মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ৮ | সরল খাঁ সার্বজনীন রাধাকৃষ্ণ মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ৯ | উত্তর কালির চড়া শ্রী শ্রী রাধা গোবিন্দ মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ১০ | গন্ধমরুয়া সার্বজনীন দুর্গা মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ১১ | শ্রী গুরু আশ্রম সংস্কার | ৫০০০০ | |
| ১২ | ফুলের তলা রাধা গোবিন্দ মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ১৩ | আদিতমারী পূর্বপাড়া হরেকৃষ্ণ হরেরাম হরিবাসর সংস্কার | ৫০০০০ | |
| ১৪ | পুর্ব তালুক পলাশী দাসপাড়া হরি ও দুর্গা মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ১৫ | আদিতমারী পূর্বপাড়া সার্বজনীন শ্মশান সংস্কার | ৫০০০০ | |
| ১৬ | ভাদাই দক্ষিণপাড়া মা কালী আশ্রম গৃহ নির্মাণ | ১০০০০০ | |
| ১৭ | শরৎপাড়া দুর্গা মন্দিরের সংস্কার | ৫০০০০ | |
| ১৮ | মহিষখোচা দঃ বালাপাড়া শ্রী শ্রী রাধাকৃষ্ণ সেবাশ্রম সংস্কার | ৫০০০০ | |
| ১৯ | মহিষখোচা মাষ্টারপাড়া শ্রী শ্রী জগৎগুরু আশ্রম সংস্কার ও উন্নয়ন | ১০০০০০ | |
| ২০ | ভাদাই বিদ্বেশ্বরী দুর্গা মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ২১ | হুরমুরীরহাট রাধা গোবিন্দ দূর্গা মন্দির, ভাদাই সংস্কার | ৫০০০০ | |
| ২২ | গোবর্দ্ধন হাই স্কুল সংলগ্ন সাদা জামে মসজিদের উন্নয়ন | ১০০০০০ | |
| ২৩ | বুড়ির বাজার শেখ রাসেল স্মৃতি পাঠাগারের গৃহ নির্মাণ | ৩০০০০০ | |
| ২৪ | বামনের বাসা (কমলাবাড়ী) শেখ রাসেল ক্রীড়া চক্রের গৃহ নির্মাণ | ১০০০০০ | |
| ২৫ | কমলাবাড়ী বুড়িরদীঘি বাজার সংলগ্ন নতুন জামে মসজিদের উন্নয়ন | ১০০০০০ | |
| ২৬ | বুড়িরদীঘি আদর্শ উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র ক্রয় ও মাটি ভরাট | ১০০০০০ | |
| ২৭ | কালিরহাট বাজার জামে মসজিদ উন্নয়ন | ১০০০০০ | |
| ২৮ | কালিরহাট মন্দির সংস্কার | ৫০০০০ | |
| ২৯ | চাতরার পাড় মসজিদ সংস্কার | ১০০০০০ | |
| ৩০ | শাংকার চরা মজিবরের বাড়ীর নিকট মসজিদ উন্নয়ন | ৫০০০০ | |
| ৩১ | দীঘলটারী আবুর বাড়ী মসজিদ উন্নয়ন | ৫০০০০ | |
| ৩২ | পলাশী কেন্দ্রীয় কবরস্থানের উন্নয়ন | ১০০০০০ | |
| ৩৩ | ভেটেশ্বর মধ্যপাড়া জামে মসজিদের উন্নয়ন | ৫০০০০ | |
| ৩৪ | মহিষখোচা, বাবুপাড়া জামে মসজিদ সংলগ্ন কবর স্থানের উন্নয়ন | ১০০০০০ | |
| | মোট= | ২৫০০০০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ/২০২৩ তিন দিন ব্যাপী সরকারি কার্যক্রম সম্পন্ন হয়েছে। অদ্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ১০০টি ল্যাপটপ পাওয়া গিয়াছে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় নির্ধারিত বিদ্যালয়ে ল্যাপটপগুলো বিতরণ করা হবে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের বরাদ্দ- ৫,৯২,৩৬,০৪৪/- টাকা প্রকল্প সংখ্যা- ৩৯টি ব্যয়ের পরিমান-৮৬,৬৬,৮৬৫/- কাজের অগ্রগতি- ৬০%। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের বারাদ্দ ঃ ২,৪০,৪৫,১০০/- প্রকল্প সংখ্যা- ৮৩, ব্যয়ের পরিমান- ২,০৩,৯২,২৯২/- কাজের অগ্রগতি- ৮৩%। ঢেউটিন ও গৃহনির্মাণ অর্থ ঃ বরাদ্দের পরিমান- ২০ বান + ৬০,০০০/- পরিবার সংখ্যা- ১০টি ব্যয়ের পরিমান- নেই, কাজের অগ্রগতি- নেই। জিআর ক্যাশ ঃ (বিদ্যুৎ ও পানিতে ডুবে মৃত্যু) ঃ বরাদ্দ পরিমান- ৩০,০০০/- টাকা, পরিবারের সংখ্যা- ০২টি, ব্যয়ের পরিমান- ৩০,০০০/- কাজের অগ্রগতি- ১০০%। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের ২য় কিস্তি বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার উপকার ভোগীদের টাকা প্রেরণ হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, সভায় জানান যে, প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রম চালানো হয়। এ উপলক্ষে বিভিন্ন হাট বাজারে মাইকিং, প্রচারণা চালানো ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ ৫০,৩১১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৪১,০০৪ জন, পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ঃ ৮১.৫০%, স্থায়ী পদ্ধতি ঃ পুরুষ- ০৩ জন, মহিলা- ১৫ জন, মোট স্থায়ী পদ্ধতি গ্রহণকারী ঃ ১৮ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ আইইউডি- ৫৩ জন, ইমপ্লান্ট- ৬৪ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি সুখী বিতরণ- ১৫,০৫৫ সাইকেল, খাবার বড়ি আপন বিতরণ- ২৪০ সাইকেল, কনডম- ১১,৯৫৩ পিস, ইনজেকটেবলস- ২,৮২১ ভায়েল। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমে গর্ভবতী মায়ের সংখ্যা- ১,৫৩৯ জন, গর্ভবতী পরিচর্যা- ৯৫২ জন, গর্ভোত্তর সেবা- ৯২৯ জন, জীবিত জন্ম- ২৩৬ জন, ০-৫ বছরের শিশু পরিচর্যা- ৩,৩১৭ জন, সাধারণ রোগী সেবা- ৫,২৬৬ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, চলতি অর্থবছরে মোট ১টি ব্যাচে ৩০ জন বেকার যুব ও যুব মহিলাকে গরু মোটা তাজা করণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। মোট ০৫ জন বেকার যুব ও যুব মহিলাকে ২,৯২,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। মোট ঋণ- ১১৭৩ জন, সর্বমোট বিতরণ- ২,২৮,১৫,০০০/- মোট প্রশিক্ষণ- ৮,৫৯৯ জন। যুব ৩,৫৩৪ জন এবং যুব মহিলা- ৫,০৬৫ জন। মোট আত্মকর্মী- ৪,৭৮০ জন, যুব- ১৯৯৭ জন এবং যুব মহিলা- ২,৭৮৩ জন। মোট যুব সংগঠন- ১২টি। ঋণ আদায়ের হার- ৭২%। এছাড়া বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (০১) **ভিডব্লিউবি কার্যক্রম** ঃ ২০২৩-২০২৪ চক্রের জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৬ মাসের ৪২৯.৬৬ মেঃটন গম/চাউলের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে জানুয়ারি ও ফেব্রুয়ারি/২০২৩ মাসের ৮টি ইউনিয়ন পরিষদের অনুকূলে ১৪৩.২২ মেঃটন চাউলের ডি,ও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি গম/চাউল বিতরণ চলমান। (০২) **মা ও শিশু সহায়তা কার্যক্রম** | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল ও করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২২ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত মোট ৮ মাসের ৬৪৮ জন ভাতাভোগী মহিলাদের ডাটা এন্টি করার বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/২২ হতে ৮০০/- টাকা হারে ভাতা নির্ধারণ করা হয় এবং ২০২০-২০২১ অর্থ বছরে জুলাই/২১ হতে জুন/২৪ পর্যন্ত ৩৬ মাস মেয়াদে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রতি ইউনিয়নে ৫৫ জন করে মোট= ৪৪০ জনের ভাতা বিতরণ চলমান। (০৩) **প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি)**ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের জানুয়ারি/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত ০৩ মাস মেয়াদে ৩য় ব্যাচের ১০ জনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। (০৪) **প্রশিক্ষণ কার্যক্রম (আইজিএ)**ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর/২৩ হতে ক্রিস্টাল শো-পিছ এবং ফ্যাশন ডিজাইন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম সাময়িক ভাবে স্থগিত আছে। (০৫) **মহিলাদের আত্ব-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ** এই তহবিলের আওতায় সদর কার্যালয় হতে ১৩,০০,৯৫২/৫৮ টাকা পর্যায়ক্রমে পাওয়া গেছে। উক্ত টাকা বর্তমানে রিকোভারী হিসাবে ২৫,০৮,৫৩৬/৩৯ টাকায় দাড়িয়েছে। বর্তমানে অনাদায়ী চলতি মাঠে- ৬,৬৯,২৪০/- টাকা মেয়াদ উর্ত্তীণ (খেলাপী) -৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী। (০৬) ২০১৯-২০২২ অর্থ বছর হতে অত্র উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের পার্শ্বে প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষে প্রতি শুক্র ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর মোট ৩০ জনকে সংগীত ও আবৃত্তি শিক্ষা প্রদান করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | | |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কর্মকর্তা আদিতমারী লালমনিরহাট সভায় জানান যে, (১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি নলকূপের বোরিং কাজ চলমান, (২) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০৮ টি ৬নং অগভীর নলকূপের কাচ চলমান এবং (৩) মুজিববর্ষ (৪র্থ পর্যায়ে) উপলক্ষে আবাসন প্রকল্পে ১২টি ৬নং অগভীর নলকূপের কাজ শেষ পর্যায়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সহকারী জনস্বাস্থ্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, বিভাগীয় অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৮ টি, অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ৩১ টি, অডিট নোট দাখিল-৩১ টি, ধার্যকৃত অডিট সেস- ১৩,১৬০/- টাকা, আদায়কৃত অডিট সেস- নেই। অনাদায়ী অডিট সেস- ১৩,১৬০/- টাকা, ১৫% ভ্যাট আদায়- নেই, আদায় হার- নেই। ধার্যকৃত সিডিএফ- ৩,৯৪৪/- টাকা, আদায়কৃত সিডিএফ- নেই, অনাদায়ী সিডিএফ- ৩,৯৪৪/- টাকা, আদায় হার- নেই। সমিতির সংখ্যা- ০৬ টি। আশ্রয়ন/আশ্রয়ন (ফেইজ ২) এর অনুকূলে মোট আশ্রয়ন- ৪টি এবং সমিতি মোট- ০৫ টি। ব্যারাক সংখ্যা- ২২ টি, কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০ টি, মোট সদস্য সংখ্যা- ৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), কমিউনিটি সেন্টার- ০৩ টি, পুকুর/দিঘী- ০৩ টি। আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, প্রকল্পে ঋণ দাদন- ৪০,৪৩,৫০০/- টাকা, ঋণ আদায়- ২৭,৩৩,২৭৭/- টাকা (আসল- ২৫,৩২,২০১/- টাকা, সাঃ চাঃ ২,০২,৫৭৬/- টাকা)। খেলাপী ঋণ- ১৭,৯৫,৬২৩/- টাকা, আদায়ের হার- ৬৫%। আবাসের সার্ভিস চার্জ প্রেরণ- ৭৩,৪৫৪/- টাকা। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় ফেব্রুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের গৃহিত কার্যক্রমের বিষয়ে দাপ্তরিক কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। (১) ফসলী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নেই। (২) মেয়াদী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। (৩) আবর্তক ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.৩৫, ক্রমঃ ১১.৬৫,। ঋণ বিতরণ ঃ মাসে- ২.৪০, বছরে- ৫.৬২, ক্রমঃ ২৩২.৭১। ঋণ আদায় ঃ মাসে- ০.৯০, বছরে- ৩.৫১, ক্রমঃ ১৯২.৪৪। (৪) সদাবিক ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ৮.৫০,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ ১৮০.১০। ঋণ আদায় ঃ মাসে- ০.৩০, বছরে- ১.১০, ক্রমঃ ১৩৯.৭২। (৫) পল্লী প্রগতিঃ- পুজি গঠন ঃ- মাসে নেই, বছরে- ০.৫০, ক্রমঃ ১.৭৪,। ঋণ বিতরণ ঃ মাসে-১.০০, বছরে- ৭.৫০, ক্রমঃ ৩৭.৭৯। ঋণ আদায় ঃ মাসে- ০.২০, বছরে- ৬.৪০, ক্রমঃ ১৯.৮২। (৬) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে- ২.৫০, ক্রমঃ ১৪.৬৪। ঋণ আদায় ঃ মাসে- ০.০৫, বছরে- ০.৫৪, ক্রমঃ ৭.৫০।(৭) উদকনিকঃ- পুজি গঠন ঃ- মাসে- নেই, বছরে- ০.৫০, ক্রমঃ ৪.১০। ঋণ বিতরণ ঃ মাসে- ৬.৭০, বছরে- ৬.৭০, ক্রমঃ ১১৬.৮০। ঋণ আদায় ঃ মাসে- ০.১০, বছরে- ৩.৩০, ক্রমঃ ৯২.৪৪।(৮) অপ্রধান শস্য ঃ- পুজি গঠন ঃ- মাসে- ০.৪০, বছরে- ০.৪২, ক্রমঃ ৮.৫৮। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ৩.৮০, ক্রমঃ ৪৮.৬৬। ঋণ আদায় ঃ মাসে- ২.০০, বছরে- ৯.২৪, ক্রমঃ ২৮.৫৭। (৯) গুচ্ছ গ্রাম ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ০.৪৯,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই, ক্রমঃ ৪.১০। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- ২.৬১, ক্রমঃ ২.৬১। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | অনুরোধ করা হয়। | |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, আদিতমারী উপজেলায় ৫৪টি করাতকলের মধ্যে ১৭টি বৈধ লাইসেন্স রয়েছে। ১৪টি করাত কলের মালিক লাইসেন্সের জন্য আবেদন করেছেন। অবৈধ করার কলের তালিকা ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়েছে। সভায় তিনি অবৈধ করাতকলের মালিকগনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলায় অবৈধ করাত কলের মালিকগণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে সকলকে বৈধ লাইসেন্সের আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয় এবং বন বিভাগের সকল কার্যক্রমে আরও গতিশীল করার জন্য উপজেলা বন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, সভায় নিম্নরুপ ভাবে দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন (ক) চাল আমন সংগ্রহ/২২ লক্ষমাত্রা ১৮৬৬.৭৮০ মেঃটন, অর্জিত- ১৫৫৮.৪১০ মেঃটন, অবশিষ্ট ৩০৮.৩৭০ মেঃটন। (খ) ধান আমন সংগ্রহ/২২ লক্ষমাত্রা ৭৪৩.০০ মেঃটন, অর্জিত- নেই, (গ) মজুদ সংখা হিসাবঃ চাল ৮০৫.৩২৮ মেঃটন, গম- ৯৩.৭৮৩ মেঃটন, কার্নেল ০.১৩৭/৩০০৬৪৬, খালিবস্তা মজুদ- ৬১৮৬০ খানা। তিনি আরও জানান যে, খাদ্যবান্ধব কর্মসূি তে মোট ভোক্তার সংখ্যা ১১৫৫৬ জন, অনুমোদিত ভোক্তা- ১১৩২৪ জন। খাদ্য বান্ধব কর্মসূচি আগামী ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে চালান জমা করে অনুমোদিত ভোক্তাগণের চাল ডিলারগণের মাধ্যমে চাল উত্তোলন পূর্বক বিতরণ আগামী ২২/০২/২০২৩ খ্রিঃ তারিখ হতে শুরু হবে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার জন্য সাব-রেজিষ্টার কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক আদিতমারী, লালমনিরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ফেব্রুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভায় জানান যে, (১) ফেব্রুয়ারি/২৩ মাসে উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর হতে ০৩ জন প্রশিক্ষনার্থীকে ড্রাইভিং প্রশিক্ষণ ও ০১ জন ভিডিপি মহিলা সদস্যকে সেলাই প্রশিক্ষণে দিনাজপুরে আনাসার ও ভিডিপি প্রশিক্ষণে পাঠানো হয়েছে। প্রশিক্ষণ সাফল্যের সাথে শেষ করে তারা তাদের প্রশিক্ষণ লব্দ কারিগরী জ্ঞান কাজে লাগিয়ে স্বাবলম্বী হবে। (০২) বেকারত্ব দূরীকরণে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আদিতমারী শাখা হতে ফেব্রুয়ারি/২৩ মাসে ০৭ জন প্রশিক্ষণ প্রাপ্ত ভিডিপি সদস্যকে ৭ (সাত) লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। (০৩) আইন শৃংখলা রক্ষায় ভিডিপি সদস্যদের সচেতন করা হচ্ছে এবং মাননীয় প্রধানমন্ত্রীর যে নির্দেশনা কিঞ্চিত পরিমাণ জমি পতিত রাখা যাবে না। সে বিষয়ে মাসিক সভায় সদস্যদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা আনসার ভিডিপি অফিসের কার্যক্রম আরও জোরদার করার জন্য আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, সভায় জানান যে, (ক) ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২২ এর কার্যক্রমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে যেসব ভোটার ০১ জানুয়ারি ২০২৩ তারিখে ভোটার হিসেবে যোগ্য হয়েছেন তাদের খসড়া ভোটার তালিকা ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে প্রকাশ করা হয়। প্রকাশিত ভোটার তালিকার মুদ্রিত কপি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হয়, (খ) উক্ত খসড়া ভোটার তালিকার উপর জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট ও সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য মোট ১৫৯ জন ভোটারের ও সংশোধনের জন্য ৪০ জন ভোটারের আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদন সমূহ ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে শুনানি অন্তে সংশোধনকারী কর্তৃপক্ষ নিস্পত্তি করেন, (গ) হালনাগাদকৃত চুড়ান্ত ভোটার তালিকা আগামী ০২ মার্চ ২০২৩ তারিখে প্রকাশ করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার, জানান যে, পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য ডিপুটি জেনারেল ম্যানেজার, আদিতমারী-কে অনুরোধ করা হয়। | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানুয়ারি/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান যে, (১) Sample Vital Registration System (SVRS) প্রকল্পের জন্য, মৃত্যু, বিবাহ, তালাকের মাঠ পর্যায়ের কাজ চলমান, (২) ফেব্রুয়ারি/২৩ মাসের প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্য-উপাত্ত সংগ্রহ ও জেলা পরিসংখ্যান অফিস, লালমনিরহাট এ রিপোর্ট প্রদান, (৩) ২টি প্রতিষ্ঠানকে জনশুমারী ও গৃহগণনা- ২০২২ এর প্রিলিমিনারী প্রক্ষেপণ অনুযায়ী জনসংখ্যার সনদ প্রদান (৪) Literacy Assesment Servay (LAS) প্রকল্পের "টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরুপণ" শীর্ষক কাজ চলমান। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিসংখ্যান বিভাগের কার্যক্রম আরও সঠিক ভাবে পরিচালনার করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |

<table>
<tr><td>২৫</td><td>তথ্য আপা প্রকল্প</td><td>সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, আদিতমারী উপজেলা তথ্যকেন্দ্রে বিনামূল্যে নারীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সেবা, নারী নির্যাতন, বাল্যবিবাহ সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান ও পরামর্শ প্রদান এবং ই-কমার্সের তথ্য প্রদান হয়েছে। এছাড়া ভাদাই ইউনিয়নের ১টি এবং পলাশী ইউনিয়নে ১টি উঠান বৈঠকে মোট ১০০ জন সেবা গ্রহিতাকে তথ্যসেবা প্রদান করা হয়েছে এবং ডোর-টু-ডোর সেবা ৬০০ জন ও তথ্যকেন্দ্রে ১৪৩ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা পাট উন্নয়ন দপ্তর</td><td>সভায় উপজেলা পাট অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, বিভাড়ের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>উপজেলা পাট অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা পাট অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পাট অফিসার, আদিতমারী</td></tr>
<tr><td>২৭</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস</td><td>সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে নিম্নরুপভাবে আলোচনা করেন,
<table>
<tr><th>বিবরণ</th><th>২০২১-২২ অর্জন</th><th>২০২২-২৩ লক্ষ মাত্রা</th><th>ফেব্রুয়ারি/ ২৩ অর্জণ</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>মোট সমিতি সংখ্যা</td><td>৬৭টি</td><td>৭০টি</td><td>৬৮টি</td><td>৭০টি</td></tr>
<tr><td>মোট সদস্য সংখ্যা</td><td>২০১৩ জন</td><td>২৪০০ জন</td><td>২০৪৩ জন</td><td>২৩০০ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ গ্রহণকারী সদস্য</td><td>১১৬২ জন</td><td>১৫০০ জন</td><td>১২০১ জন</td><td>৩৩০০ জন</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা ঋণী সদস্য</td><td>১৬৫ জন</td><td>১৮০ জন</td><td>১৬৯ জন</td><td>১৯৫ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য</td><td>১৫০ জন</td><td>২০০ জন</td><td>১৬৮ জন</td><td>১৯৯ জন</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা ঋণী</td><td>৪৫ জন</td><td>-</td><td>-</td><td>৪৫ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ বিতরণ</td><td>১৪১.৪০ লক্ষ</td><td>২০০ লক্ষ</td><td>৯৮.০৮ লক্ষ</td><td>১৪০০.০১ লক্ষ</td></tr>
<tr><td>নারী উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>৮৬.৬৫</td><td>১২০</td><td>৬৬.১০</td><td>৩০১</td></tr>
<tr><td>ক্ষুদ্র উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>১৮২.৮০</td><td>৩০০</td><td>৯৫.৬০</td><td>৮৮২.২০</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা বিতরণ</td><td>৭৪</td><td>-</td><td>-</td><td>৭৪</td></tr>
<tr><td>মোট বিতরণ</td><td>৪৮৪.৮৫</td><td>৬২০</td><td>২৫৯.৭৮</td><td>২৬৫৭.২১</td></tr>
<tr><td>মোট আদায়</td><td>৪৪৪.৫৩</td><td>৫২০.০০</td><td>৩০২.৪৪</td><td>২৫০৭.৫১</td></tr>
<tr><td>আদায়ের হার</td><td>৯৫%</td><td>১০০%</td><td>৯৭%</td><td>৯৮%</td></tr>
<tr><td>মোট সঞ্চয়ের স্থিতি</td><td>৭১.৯৩</td><td>৪০</td><td>২৪.৩৪</td><td>১২১.৭৭</td></tr>
<tr><td>মোট খেলাপীর স্থিতি</td><td>১৪৭.১১</td><td>১২০</td><td>১৫.০৯</td><td>১৬২.৯৭</td></tr>
</table>
এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী, লালমনিরহাট।</td></tr>
<tr><td>২৮</td><td>উপজেলা কমিটি</td><td>সভায় আলোচনাকালে স্থায়ী কমিটির সভাপতিগণ জানান যে, নীতিমালার আলোকে নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভার কার্যক্রম চলমান রয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভাগুলোকে আরও গতিশীল করার জন্য সভায় অনুরোধ করা হয়।</td><td>সভাপতি উপজেলা স্থায়ী কমিটি আদিতমারী</td></tr>
<tr><td>২৯</td><td>ইনোভেশন টিম বিষয়ক</td><td>অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে।</td><td>সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো</td><td>সভাপতি উপজেলা ইনোভেশন টিম, আদিতমারী</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ | (ক) সভায় আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০, এর কার্যালয়ের স্মারক নং ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৫).২০২২-২১১, তারিখঃ ১৭/০৮/২০২২ খ্রিঃ মোতাবেক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়) বাস্তবায়নের সম্মতি পাওয়া গিয়াছে। এপ্রেক্ষিতে অত্র উপজেলার উপ-প্রকল্প নম্বর INF-2020-2021-555270-01, উপ-প্রকল্পের শিরোনাম ঃ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ কাজটি সংশ্লিষ্ট ঠিকাদার ঃ মেসার্স সৈকত এন্টারপ্রাইজ, তারাগঞ্জ, রংপুর, লালমনিরহাট সমাপ্ত করেছেন। এপ্রেক্ষিতে উক্ত ঠিকাদারের নামে চুড়ান্ত বিল প্রদান করা যেতে পারে। মর্মে সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে আদিতমারী উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়) উপ-প্রকল্প নম্ব INF- 2019-20-555202-01, উপ-প্রকল্প নম্বর INF-2020-2021-555270-01, উপ-প্রকল্পের শিরোনাম ঃ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ । উক্ত কাজের চুড়ান্ত বিল এখনে সর্বমোট ভ্যাট ও কর ব্যতীত= ২৬,৯৮,৪২৫/- (ছাব্বিশ লক্ষ আটানব্বই হাজার চারশত পঁচিশ) এবং ভ্যাট ও করসহ ৩০,১৫,০০/- (ত্রিশলক্ষ পনের হাজার) টাকার বিলটি পরিশোধের জন্য সভায় সকল সদস্য একমত পোষন করেন এবং বিলটি পরিশোধের নিমিত্ত জরুরী ভাবে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বিল ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী<br>ও<br>উপজেলা প্রকৌশলী, আদিতমারী, লালমনিরহাট। |

(মোঃ ফারুক ইমরুল কায়েস)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

৪০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

তারিখ ঃ ৩০/০৪/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৩- ৪০২(৫০)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৭, লালমনিরহাট-২ এবং উপদেষ্টা, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০৮। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৯। চেয়ারম্যান ........................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।

(জি,আর,সারোয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

৩০/৪/২৩